

তারিখ: ২৯/০১/২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

১। প্রাথমিক আবেদন ফরম পূরণ ও প্রিন্টকপি সংগ্রহের সময়সীমা : ২৭/০১/২০২৬ থেকে ১৯/০২/২০২৬ খ্রি.

২। আবেদনের যোগ্যতা:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ থেকে ২০২৩ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় হোডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ থাকতে হবে। এছাড়া পঠিত (রাষ্ট্রবিজ্ঞান) বিষয়ে ন্যূনতম জিপি ২.০০ পেতে হবে।
- (খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ অথবা স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রীপ্রাপ্ত অথবা মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা বর্তমানে অন্য যে কোন প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।

৩। প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions এর Masters Tab এ গিয়ে Apply Now (Masters Preli.) অপশনে ক্লিক করতে হবে এবং প্রদর্শিত সকল তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া “জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষাকার্যক্রমে আমি ভর্তি/অধ্যয়নরত নই। হৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইনে আবেদনের সময় স্ক্যান করে আপলোড করতে হবে।

- (খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ 120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।

- (গ) ছবিসহ সকল তথ্য পূরণ করার পর Submit Application অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে।

- (ঘ) কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার পূর্বে প্রিন্টকপির নির্ধারিত স্থানে অবশ্যই আবেদনকারীর স্বাক্ষর করতে হবে।

৪। আবেদনকারীকে আগামী ২৮/০১/২০২৬ হতে ২২/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে <https://rangamaticollege.eshiksaems.com> এ Login করে আবেদন ফি ১,০০০/- (এক হাজার) টাকা পরিশোধ করতে হবে।


User Name: rangamatistudent এবং **Password:** rangamatistudent

- (ক) Apply for Application Form এর Select application group থেকে Admission Masters Preli., NU Admission Roll, Student Name, Mobile Number এন্ট্রি দিয়ে Submit এ ক্লিক করতে হবে।


- (খ) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session এ 2023-2024 এন্ট্রি দিতে হবে এবং Class Roll/Admission Roll এ NU Admission Roll এন্ট্রি দিতে হবে। তারপর Connect Sonali Pay ক্লিক করতে হবে।

- (গ) Sonali Payment Gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।

- (ঘ) সর্বশেষ Receipts Print ক্লিক করার পর NU Admission Roll এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।


✓ অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


২৯/০১/২৬

বিতরণ:

- ১। বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।